বদরগঞ্জ উপজেলা পরিষদ
জেলাঃ রংপুর

তারিখঃ ৩১/০৩/২০২২খ্রিঃ

স্মারক নংঃ

## উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩১ মার্চ, ২০২২খ্রিঃ

সময় ঃ ১২.৪৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, প্রকল্পের তালিকা নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ প্রদান করলে পরিকল্পনা প্রণয়নের জন্য যেমন সহজ হবে তেমনি টেন্ডার ও পিআইসি গঠন সহ যাবতীয় কর্মকান্ড পরিচালনা করা সহজ হবে। তিনি আরো বলেন, ইউজিডিপি-এর চতুর্থ রাউন্ডের জন্য রিকাস্ট অনুমোদন পাওয়া গেছে খুব শীঘ্রই সকল কার্যক্রম শুরু করা হবে। | বিস্তারিত আলোচনান্তে নবনির্বাচিত চেয়ারম্যানদের প্রকল্প দ্রুত পাঠানোর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ রাজমিস্ত্রীদের অবকাঠামো নির্মাণ বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলার স্থানীয় রাজমিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেকট্রিক মিস্ত্রিদের নকশা মোতাবেক কাজের দক্ষতা কম। সংশ্লিষ্ট কাজে তাদের কোন প্রশিক্ষণ নেই। মিস্ত্রিগণ নকশা না বুঝে গতানুগতিক ধারায় কাজ করায়, কাজের মান খারাপ হয়। অনেক ক্ষেত্রে দেখা যায় উপরোক্ত মিস্ত্রিদের সকল উপকরণ সঠিক ভাবে দিলেও তাদের দক্ষতা না থাকায় কাজের গুণনগমান ঠিক হচ্ছে না। ঠিকাদার বা মালিক নিজে কাজ করে না আর প্রকৌশলীগণ সাধারণত মিস্ত্রিদের কাজ ফলোআপ করে থাকে। মিস্ত্রিদের দক্ষতা বৃদ্ধি না পেলে কোন কাজের গুণনতমান সঠিক হবে না।<br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>১) সঠিকভাবে নির্মাণের ফলে ভবনসমূহ ভূমিকম্প সহনীয় হবে এবং মানুষের জীবনের ঝুঁকি হ্রাস পাবে<br>২) দালানের গুণগত মান বৃদ্ধিসহ স্থায়ীত্ব বৃদ্ধি পাবে | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| ৩) কারিগরি জ্ঞান বৃদ্ধির ফলে ভবন নির্মাণের সময় দুর্ঘটনা হ্রাস পাবে<br>৪) শ্রমিকদের জ্ঞান বৃদ্ধির ফলে সুপেয় নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা নিশ্চিত হবে<br>৫) নির্মাণ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির ফলে ভালো কাজের (সুনামধন্য প্রতিষ্ঠানে) সুযোগ তৈরী হবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ তাজুল ইসলাম)
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী-এর কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

তারিখঃ ৩১/০৩/২০২২খ্রিঃ

স্মারক নং-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা............................... কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

৩১/০৩/২০২২
(মোঃ আসাদুজ্জামান বাপ্পী)
উপজেলা প্রকৌশলী এবং
সদস্য সচিব
উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।